

## শিক্ষা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

### আস-সুন্নাহ ফাউন্ডেশন পরিচালিত মেধাবী প্রকল্পের মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ

প্রতিবেদক

প্রকাশ: ২৭ জুন ২০২৫, ০২: ৩১



আস-সুন্নাহ ফাউন্ডেশন পরিচালিত মেধাবী প্রকল্পের সমন্বয়ক (কো-অর্ডিনেটর) মায়নুর রশিদ উপাচার্য অধ্যাপক  
রেজাউল করিমের কাছে মনোনীত শিক্ষার্থীদের তালিকা হস্তান্তর করেন। ছবি: প্রথম আলো।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আবাসন সমস্যার সমাধানের লক্ষ্যে আস-সুন্নাহ ফাউন্ডেশন পরিচালিত  
মেধাবী প্রকল্পে প্রাথমিকভাবে মনোনীত ৩৭৮ শিক্ষার্থীর তালিকা প্রকাশ করা হয়েছে।

বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্টার অধ্যাপক মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

আস-সুন্নাহ ফাউন্ডেশনের মেধাবী প্রকল্পের সমন্বয়ক (কো-অর্ডিনেট) মামুনুর রশিদ উপাচার্য অধ্যাপক রেজাউল করিমের কাছে মনোনীত শিক্ষার্থীদের তালিকা হস্তান্তর করেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আস-সুন্নাহ ফাউন্ডেশনের মেধাবী প্রকল্পে মনোনীত শিক্ষার্থীদের আগামী ১৫ জুলাই সকাল ৯টা থেকে বিকেল ৫টোর মধ্যে আবাসনসংক্রান্ত সব প্রক্রিয়া সম্পন্ন করতে নির্দেশনা দেওয়া হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়, মনোনীত শিক্ষার্থীদের বিজ্ঞপ্তির ঠিকানায় (কনটেইনার পোর্ট রোড, হাসনাবাদ, দক্ষিণ কেরানীগঞ্জ, ঢাকা) যোগাযোগ করতে বলা হয়েছে এবং হোয়ার্টসঅ্যাপ গ্রুপে আস-সুন্নাহ ফাউন্ডেশনের দেওয়া আইডি নাম্বার অনুযায়ী যুক্ত হতে বলা হয়েছে।

গত ২০ মে আস-সুন্নাহ ফাউন্ডেশন পরিচালিত 'মেধাবী' প্রকল্পের আওতায় শিক্ষার্থীদের হলে আসন বরাদ্দের বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, আস-সুন্নাহ ফাউন্ডেশন পরিচালিত 'মেধাবী' প্রকল্পে প্রাথমিকভাবে ৫০০ ছাত্রের আবাসনের লক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের (১৯তম ব্যাচ, প্রথম বর্ষ) আগ্রহী ছাত্রদের ২৭ মের মধ্যে গুগল লিংক ও সরাসরি আবেদন ফরমে আবেদন করতে বলা হয়।